


শোক সংবাদ

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জনাব মোঃ আমিনুল ইসলাম-এর মৃত্যুতে আরডিএ পরিবারে গভীর শোক



পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম আজ ১১ জুলাই ২০২০ করোনা আক্রান্ত হয়ে রাজশাহী মেডিকেলের আইসিইউ-এ মৃত্যুবরণ করেন। ইন্নানিল্লাহিও ইন্না ইলাহি রাজেউন। ২৩ জুন ২০২০ তার কোভিড পেজেটিভ সনাক্ত হয়। এরপর শারীরিক অবস্থার অবনতি হলে ২৯ জুন ২০২০ তারিখে তাকে রাজশাহী মেডিকেলের আইসিইউ-এ নেয়া হয়। আজ সকাল ৯.৩০ এ

হাসপাতাল কতৃপক্ষ তাকে মৃত ঘোষণা করে। আরডিএ, বগুড়ার সকলস্তরের কর্মকর্তা কর্মচারী তাঁর মৃত্যুতে শোকে মুহ্যমান। সকলেই তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

সম্প্রতি তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের 'নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা' কাটাগরিতে "শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০" অর্জন করেন। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ অনুযায়ী এ পুরস্কার প্রদান করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রতিষ্ঠিত পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মহাপরিচালক হিসেবে জনাব মোঃ আমিনুল ইসলাম যোগদান করেন। যোগদানের স্বল্প সময়ের মধ্যে সরকারের নীতি ও নির্বাচনী ইশতেহারের আলোকে অনেকগুলো গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে নেতৃত্ব প্রদান করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো- নির্বাচনী অঙ্গীকার "আমার গ্রাম-আমার শহর" বিনির্মাণে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা করা।

জনাব মোঃ আমিনুল ইসলাম ৮ম বিসিএস এর মাধ্যমে প্রশাসন ক্যাডারে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর যোগদান করেন। সুদীর্ঘ চাকুরি জীবনে তিনি সহকারি কমিশনার, সহকারি কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসক, স্থানীয় সরকারের পরিচালক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার হিসেবে মাঠ প্রশাসনে এবং উপ-সচিব হিসেবে খাদ্য মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। তিনি সিরাজগঞ্জের জেলা প্রশাসক হিসেবে তিন বছরেরও অধিককাল অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

তিনি পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি জনকল্যাণমূলক কর্মকান্ডেও সমানভাবে সক্রিয় ছিলেন। তিনি সামাজিক আন্দোলন স্কাউটিং কার্যক্রমের সাথে নিবিড়ভাবে যুক্ত। তিনি স্কাউটস এর একজন লিডার ট্রেনার। তিনি বিগত পাঁচ বছর যাবত বাংলাদেশ স্কাউট রাজশাহী অঞ্চলের আঞ্চলিক সম্পাদক হিসেবে দায়িত্বরত ছিলেন। তিনি স্কাউটসের ন্যাশনাল সার্টিফিকেট এ্যাওয়ার্ড, মেডেল অব মেরিট, বার টু দ্যা মেডেল, প্রধান জাতীয় কমিশনার এ্যাওয়ার্ড অর্জন করেছেন এবং রৌপ্য ইলিশ এ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছিলেন।